

**নর্দান বিশ্ববিদ্যালয়ের  
সঙ্গে ইউজিসির  
চুক্তি সই**

নিজস্ব প্রতিবেদক ১৮

উচ্চশিক্ষার সার্বিক গুণগতমান নিশ্চিতকরণে 'কোয়ালিটি অ্যাসিউরেন্স মেকানিজম' প্রতিষ্ঠা করতে যাচ্ছে নর্দান বিশ্ববিদ্যালয়সহ দেশের ২১টি বিশ্ববিদ্যালয়। এ লক্ষ্যে গতকাল মঙ্গলবার নর্দান বিশ্ববিদ্যালয় বাংলাদেশের সঙ্গে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) একটি চুক্তি সই হয়েছে।

ইউজিসি অডিটরিয়ামে অনুষ্ঠিত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিক্ষাপটব মো. নজরুল ইসলাম খান, ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক আবদুল মামান, কোয়ালিটি অ্যাসিউরেন্স ইউনিটের প্রধান অধ্যাপক ড. মেজবাইদ্দিন আহমদ, ওয়ার্ড ব্যাংকের সিনিয়র অপারেশন অফিসার ড. বোখলেসুর রহমান প্রমুখ। নর্দান বিশ্ববিদ্যালয়ের পক্ষে ছিলেন কোষাধ্যক্ষ মো. আনোয়ার হোসেন। উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য ড. এ ডাব্লিউ এম আব্দুল হক, বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য এবং উপদেষ্টা ড. শামসুল হক।